কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 25 MAY 2026 ,MONDAY | ২৫ মে ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-172


# ড্রাগসের রমরমা কারবার চলছে শামুকতলায়





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মে :** ড্রাগসের নেশায় আসক্ত হয়ে যাচ্ছে যুবসমাজ। শামুকতলা এলাকায় অভিযান চালিয়ে ছয় জনকে গ্রেপ্তার করে ব্যক্তিগত বন্ডে ছেড়ে দিয়েছে পুলিশ। গত প্রায় এক বছর যাবত শামুকতলা এলাকায় কেমন ভাবে ড্রাগসের বিরুদ্ধে কোন অভিযান হয়নি গ্রেফতার করতে পারেনি পুলিশ কাউকে। প্রায় এক বছর বাদে পুলিশের অভিযান আবার শুরু হয়েছে সরকারের পরিবর্তন হওয়ার পরেই। কিন্তু ড্রাগসের মূল সরবরাহকারীরা বহাল তবিয়তেই শামুক তলায় এসে সরবরাহ করে যাচ্ছেন যুবসমাজের মধ্যে। পুলিশ তাদের টিকির নাগালও পায়নি যদিও অনেকেই বলছেন পুলিশ তাদের ধরার চেষ্টা করে না। শামুকতলা গান্ধী শতাব্দী প্রাইমারি স্কুল ট্রাইবাল অফিস গরুহাটি সাঁতালপুর মিশন স্কুল মাঠ সহ হ্যালিপ্যাড এলাকা ড্রাগস কারবারিদের মুক্তাঞ্চল বলে চিহ্নিত শামুকতলা বাসির অনেকের কাছেই। ড্রাগস সেবন করার অপরাধে অভিযান চালিয়ে ৬ জনকে ধরা হলেও ব্যক্তিগত বন্ডে তাদের ছেড়ে দেওয়া হয়েছে এমনটাই জানা গেছে শামুকতলা থানার পুলিশের কাছ থেকে।

# কসবায় অবৈধ নির্মাণ ভাঙার কাজের পরিদর্শনে অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৪ মে :** শহরজুড়ে বেআইনি নির্মাণ তৃণমূল সরকার আমলে ।১৫ বছর ধরে তৃণমূল সরকারের আমলে এই বেআইনি নির্মাণ বন্ধের বদলে ক্রমশই বেড়েছে ।তৃণমূল নেতাদের মোটা অংকের টাকা দিলেই মিলতো বেআইনি বহুতলের নির্মাণের ছাড়পত্র ,একরকম অভিযোগের সংখ্যা প্রচুর। অবশেষে তৃণমূল সরকারের পতন ঘটেছে। ২৬ শে সরকার বদলের পরই ডবল ইঞ্জিন বিজেপি সরকারের বুলডোজার অ্যাকশন শুরু হয়েগেছে পশ্চিমবঙ্গে । রবিবার কলকাতা শহরের একাধিক জায়গায় ভেঙে গুঁড়িয়ে দেওয়া হলো বেআইনি নির্মাণ। তিলজলা, কসবা, বেলেঘাটার একাধিক বেআইনি নির্মাণ ভাঙার কাজ শুরু হয়েছে । এদিন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল নিজে কসবা বিবি চ্যাটার্জি স্ট্রিটের অবৈধ নির্মাণ ভাঙার কাজ পরিদর্শন করতে যান । অবৈধ ভাঙার কাজ পরিদর্শনের পর পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , অবৈধ নির্মাণ কোথায় কোথায় হচ্ছে ,কোথায় নির্মাণ এর সঙ্গে অবৈধ অংশ জুড়েছে , পুরসভার তরফ থেকে যাদের এই সব অবৈধ নির্মাণ কাজের দেখার দায়িত্ব দেওয়া ছিল তাদের বিরুদ্ধেও অ্যাকশন নেওয়া হবে। পাশাপাশি যেসব প্রোমোটাররা এই সব অবৈধ বহুতল বানিয়েছে তাদের বিরুদ্ধে ও কড়া ব্যবস্থা নেওয়া হবে । এদিন মন্ত্রী এও জানান কসবা, বেলেঘাটা ,তিলজলার একাধিক বেআইনি নির্মাণ এর সঙ্গে সোনা পাপ্পু ও রাজু নস্করের নামও জড়িয়েছে । সেই সব বেআইনি বিল্ডিং গুলো ভাঙার কাজ শুরু হয়েছে ।১৪৩ বিবি চ্যাটার্জি স্ট্রিটের বাড়িটিও ভাঙা হয়েছে যেটি সোনা পাপ্পুর । এছাড়াও ৬ টি বেআইনি নির্মাণ নিয়ে নোটিশ ও পাঠানো হয়েছে। এদিন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল কড়া ভাষায় বার্তাও দেন , তিনি বলেন নোটিশ পাঠানো হচ্ছে। প্রয়োজনীয় কাগজপত্র জমা দেবার জন্য যথেষ্ট সময়ও দেওয়া হচ্ছে। অবৈধ প্রমাণিত হলে সেই নির্মাণ কে ভেঙে ফেলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।





# প্যারেড গ্রাউন্ড পরিদর্শন করলেন আলিপুরদুয়ারের বিধায়ক



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মে :** আলিপুরদুয়ার শহরের হৃৎপিণ্ড প্যারেড গ্রাউণ্ড ময়দানের সৌন্দর্যায়ন করতে এবং প্যারেড গ্রাউণ্ড ময়দানকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার পরিকল্পনা নেওয়া হচ্ছে বলে জানালো আলিপুরদুয়ার বিজেপি বিধায়ক পরিতোষ দাস এদিন সকালে আলিপুরদুয়ার প্যারেড গ্রাউণ্ড ময়দান পরিদর্শন করেন বিধায়ক সঙ্গে ছিল আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান ও আলিপুরদুয়ার মহুকুমা শাসক। এদিন বিধায়ক পরিতোষ দাস জানান এখন পরিকল্পনা চলছে কিভাবে সৌন্দর্যায়ন করা হবে প্যারেড গ্রাউণ্ড ময়দানকে।

# সরকারি পলিথিন দিয়ে তৃণমূল নেতার শশুরের শুয়োরের ফার্ম




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মে :** একের পর এক অভিযোগ তৃণমূল নেতার বিরুদ্ধে। অভিযুক্ত অধরা। গ্রেপ্তারি এড়াতে আগাম জামিনের আবেদন আদালতে। এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে। সরকারি পলিথিন দিয়ে বানানো হয়েছে আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতির শ্বশুরের শুয়োরের ফার্ম। পঞ্চায়েত সমিতির সভাপতির বাড়ির সীমানা প্রাচীরের বেড়া দেওয়া হয়েছে সরকারি পলিথিন দিয়েই। শামুকতলা থানার ডাঙ্গি কলোনি এলাকার বাসিন্দা ইন্দ্রজিৎ দাস শামুকতলা থানায় অভিযোগ দায়ের করেছেন আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতির সভাপতি স্বামী নারায়ন দাসের বিরুদ্ধে। অভিযোগ দায়ের হওয়ার পরেও পুলিশ গ্রেফতার করতে পারেনি অভিযুক্তকে। প্রশ্ন উঠেছে পুলিশের ভূমিকা নিয়ে। তৃণমূল সরকারের আমলে পুলিশ তাকে সব সময় সহযোগিতা করতো। সরকারের পরিবর্তন হয়েছে কিন্তু শামুকতলা থানার পুলিশের পরিবর্তন হয়নি এখনো। তৃণমূল পরিচালিত আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি ঝুমা দাস দেবনাথের বাড়ির সীমানার বেড়া দেওয়া হয়েছে সরকারি পলিথিন দিয়ে। এমনটাই অভিযোগ এলাকার বাসিন্দা ইন্দ্রজিৎ দাসের। অভিযোগ দায়ের করেছেন পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী নারায়ন দাসের বিরুদ্ধে সরকারি সম্পত্তি আত্মসাৎ এর । সরকারি সম্পত্তি দিয়ে নারায়ন দাসের শ্বশুর দিলীপ দেবনাথের শুয়োরের ফার্ম বানানো হয়েছে। অভিযোগ দায়ের হওয়ার পরেও পুলিশ কাউকে গ্রেফতার করতে পারেনি। এখনো শামুকতলা থানার পুলিশ তৃণমূল নেতাদের হয়ে কাজ করছে অভিযোগ উঠেছে বিজেপির নেতাদের পক্ষ থেকে। বিজেপি নেতা সঞ্জয় ছেত্রী জানিয়েছেন সরকারি পলিথিন দিয়ে ক্ষমতার অপব্যবহার করে পঞ্চায়েত সমিতির সভাপতি স্বামী নারায়ন দাস তার শ্বশুরের শুয়োরের ফার্ম তৈরি করে দিয়েছেন। পুলিশের কাছে অভিযোগ দায়ের হয়েছে কিন্তু পুলিশ এখনো তাকে গ্রেফতার করতে পারেনি। এদিকে নেটিজনরা বলছেন শামুকতলা থানার অধিকাংশ পুলিশ দীর্ঘদিন তৃণমূলের হয়েই কাজ করেছে । রাজ্যে পরিবর্তন হলেও এখনো তারা তৃণমূলের নেতার হয়ে কাজ করছেন যার ফলেই সরকারি সম্পত্তি আত্মসাৎ এর অভিযোগ হওয়ার পরেও পুলিশ তাকে গ্রেফতার করছে না । যদিও পুলিশ জানিয়েছে ঘটনার তদন্ত শুরু হয়েছে।

# খড়গপুর মহকুমা হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে মন্ত্রী দিলীপ ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,পশ্চিম মেদিনীপুর :** খড়গপুর মহকুমা হাসপাতালে হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করলেন খড়গপুরের বিধায়ক তথা রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ । রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পাওয়ার পর প্রথম বৈঠক করেন তিনি। মন্ত্রী দিলীপ ঘোষ ছাড়াও বৈঠকে উপস্থিত ছিলেন CMOH, এসডিও সহ অন্যান্য হাসপাতালের আধিকারিকরা । সুত্রের খবর ,খড়গপুর মহকুমা হাসপাতালে তৃণমূল সরকার আমলে চিকিৎসা ব্যবস্থা তলানিতে চলে যায় । নার্স ও অন্যান্য হাসপাতাল কর্মীদের জন্য কোন থাকার ব্যবস্থা নেই । রোগীদের বসার জায়গা নেই। ঠিক মতো ওষুধের সরবরাহ নেই । এই সব সমস্যা দ্রুত সমাধানের জন্য এদিন আলোচনাও হয়েছে ।

# পথ দুর্ঘটনায় মৃত্যু মহিলার





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মে :** জয়গাঁতে ভয়াবহ পথ দুর্ঘটনায় প্রাণ হারালেন এক গৃহবধূ। মৃতদেহ আজ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হলো শনিবার রাতে জয়গাঁ এলাকার তোর্ষা টার্নিং থেকে বিবারি মাঝামাঝি রাস্তায় একটি ভুটান নম্বর ট্রাকের ধাক্কায় মৃত্যু হয় মহানতা মালপরিয়ার । গুরুতর আহত হন তাঁর স্বামী বিজয় মালপরিয়ার।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বিজয় মালপরিয়ার তাঁর স্ত্রী মহানতা ও আট মাসের শিশুকন্যাকে নিয়ে গোটিবাড়ি এলাকায় গিয়েছিলেন। রাতে কাজ শেষে স্ত্রী ও সন্তানকে নিয়ে সাইকেলে করে বাড়ি ফিরছিলেন। সেই সময় প্রবল বৃষ্টির মধ্যে তোর্ষা টার্নিং সংলগ্ন রাস্তায় একটি ভুটান নম্বর ট্রাক পাশ কাটাতে গিয়ে সাইকেলে ধাক্কা মারে বলে অভিযোগ।ধাক্কায় সাইকেল থেকে ছিটকে পড়েন বিজয়, তাঁর স্ত্রী ও শিশুকন্যা। অভিযোগ, মহানতা ট্রাকের চাকায় পিষ্ট হন। স্ত্রী ও সন্তানকে বাঁচানোর চেষ্টা করতে গিয়ে বিজয়ের হাতের দুটি আঙুলেও গুরুতর চোট লাগে। তবে শিশুকন্যা বড় ধরনের আঘাত থেকে রক্ষা পেয়েছে বলে জানা গিয়েছে। গুরুতর আহত মহানতা কে দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হলেও হাসিমারা পৌঁছানোর আগেই তাঁর মৃত্যু হয়। পরে লতাবাড়ি হাসপাতালে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।ঘটনার খবর পেয়ে কালচিনি থানার পুলিশ হাসপাতালে পৌঁছে আইনি প্রক্রিয়া শুরু করে। দেহ ময়নাতদন্তের জন্য আজ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হয়েছে।

# গরু চুরি নিয়ে চাঞ্চল্য মাঝেরডাবড়ীতে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মে :** গরু চুরির ঘটনা ঘটেছে আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার মাঝের ডাবরি এলাকায়। শনিবার গভীর রাতে বৃষ্টির সময় একটি গাড়িতে করে দুটি গরু তুলে নিয়ে যায় এমনটাই বলছেন অভিযোগ কারিগন তাদের লিখিত অভিযোগে। এদিকে অভিযোগ দায়ের হওয়ার পরেই পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। বেশ কিছুদিন বন্ধ ছিল গরু চুরি। শীতের মরসুমে গরু চুরি হয় কিন্তু এখন আবহাওয়া বদলানোর দরুন দুষ্কৃতীরা সময় পরিবর্তন করে ফেলেছেন। বৃষ্টির রাতকে বেছে নিয়েছে দুষ্কৃতীরা গরু চুরির জন্য।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |